# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 27-02-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সরকার পদ্ধতি সরলীকরণ, সহজে ব্যবসা করা এবং প্রযুক্তি-নির্ভর প্রশাসনের মাধ্যমেই সংস্কার এক্সপ্রেসের যাত্রা শুরু করেছে। # তিনি আজ ভার্চুয়ালি 'বিকশিত ভারত'-এর জন্য প্রযুক্তি, সংস্কার এবং অর্থ'- শীর্ষক ওয়েবিনারে ভাষণ দেন।

২/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাজস্থানের জয়সলমীরে দেশীয় পদ্ধতিতে তৈরী 'লাইট কমব্যাট হেলিকপ্টার'-প্রচণ্ডে, আকাশপথে সফর করেছেন।

৩/ কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন, বিচার বিভাগের দুর্নীতির উপর যে অধ্যায়টি এন সি ই আর টি-র বইয়ে সংযুক্ত হয়েছে তা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

৪/ কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি চার দিনের সরকারি সফরে আজ ভারতে আসছেন।

৫/ পাকিস্তান, আফগানিস্তানের বিরুদ্ধে প্রকাশ্য যুদ্ধ ঘোষণা করেছে।
#পবিত্র রমজান মাসে আফগানিস্তানে পাকিস্তানের বিমান হামলার কড়া নিন্দা করেছে ভারত।

৬/ T-20 বিশ্বকাপ ক্রিকেটের সুপার এইট পর্বের ম্যাচে আজ ইংল্যান্ড, নিউজিল্যান্ডের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সরকার পদ্ধতি সরলীকরণ, সহজে ব্যবসা করা এবং প্রযুক্তি-নির্ভর প্রশাসনের মাধ্যমেই সংস্কার এক্সপ্রেসের যাত্রা শুরু করেছে। তিনি আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে প্রযুক্তি, সংস্কার এবং বিকশিত ভারত-এর জন্য আর্থিক সক্ষমতা বিষয়ক এক ওয়েবিনারে বক্তব্য রাখতে গিয়ে বলেন, শুধু সংস্কার ঘোষণার মাধ্যমেই নয়, তার প্রভাবেরও মূল্যায়ন করা

প্রয়োজন। এছাড়াও, স্বচ্ছতা বৃদ্ধির ওপর আলোকপাত করেন তিনি। শ্রী মোদী বলেছেন, রেল, বন্দর, মহাসড়ক, ডিজিটাল কার্যক্রম এবং বিদ্যুৎ ব্যবস্থাকে শক্তিশালী করলেই ভারতের সার্বিক উন্নতি ঘটবে।

বাইট – PM Accountability

প্রধানমন্ত্রী বলেন, এগারো বছর আগে বাজেটে মাত্র দু'লক্ষ কোটি টাকা বরাদ্দ হয়েছিল। এখন তা বৃদ্ধি পেয়ে ১২ লক্ষ কোটি টাকা ছাড়িয়ে গেছে। তিনি বলেন, দেশের বাজেট একটি স্বল্পমেয়াদী বাণিজ্যিক নথি নয়, এটি একটি নীতি সংক্রান্ত রূপরেখা।

বাইট – PM Budget

oooooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাজস্থানের জয়সলমীর বিমান-ঘাঁটিতে দেশীয় পদ্ধতিতে তৈরি হালকা যুদ্ধ হেলিকপটার "প্রচণ্ড"-এ আকাশপথে সফর করেছেন। এর আগে, ভারতীয় বিমান বাহিনীর কর্মকর্তারা তাঁকে এই যুদ্ধ হেলিকপ্টারটির খুঁটিনাটি বিষয়ে অবহিত করেন। হালকা যুদ্ধ হেলিকপ্টার "প্রচণ্ড" ভারতীয় বায়ুসেনার সক্ষমতাকে বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু তাঁর এই সফরকালে বিমান বাহিনীর আধিকারিকদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি প্রতিরক্ষা ব্যবস্থায় দেশজ পদ্ধতি ব্যবহারের জন্য বিজ্ঞানী ও কর্মীদের প্রশংসা করেন।

রাষ্ট্রপতি আজ সন্ধ্যায় ভারত পাকিস্তান সীমান্তের কাছে পোখরান ফায়ারিং রেঞ্জে ভারতীয় বিমানবাহিনীর "বায়ু শক্তি" নামক মহড়ায় যোগ দেবেন। এই অনুষ্ঠানে বিমান বাহিনীর বিভিন্ন বিমান তাদের শক্তি প্রদর্শন করবে রাষ্ট্রপতি ছাড়াও প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং মুখ্যমন্ত্রী ভজন লাল শর্মারও অনুষ্ঠানে উপস্থিত থাকার কথা।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন, বিচার বিভাগের দুর্নীতির উপর যে অধ্যায়টি এন সি ই আর টি-র বইয়ে সংযুক্ত হয়েছে তা অত্যন্ত দুর্ভাগ্যজনক। সরকার বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখছে। সংবাদমাধ্যমকে শ্রী প্রধান বলেন, তিনি এন সি ই আর টি-কে সংশ্লিষ্ট বইটির সব কপি প্রত্যাহার এবং বাতিল করার নির্দেশ দিয়েছেন। বিচার বিভাগকে অবমাননা করার কোনো ইচ্ছা সরকারের নেই বলে তিনি জানান। সুপ্রিম কোর্ট এ বিষয়ে যা নির্দেশ দেবে সরকার তার মান্যতা দেবে । এন

সি আর টি-র বইয়ে যারা এই ধরনের কাজ করেছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত বলে তিনি মন্তব্য করেন। এ ব্যাপারে বিভাগীয় সচিবকে দায়িত্বও দেওয়া হয়েছে। এর আগে সুপ্রিম কোর্ট বিচার বিভাগের দুর্নীতি বিষয়ে অষ্টম শ্রেণির একটি অধ্যায়ের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করেছিল।

oooooooooooooooooooooo

দিল্লির একটি আদালত দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল এবং প্রাক্তন উপমুখ্যমন্ত্রী মনীশ শিশোদিয়াকে আবগারি-নীতি সংক্রান্ত দুর্নীতি মামলা থেকে আজ অব্যাহতি দিয়েছে। আদালত, সি বি আই-এর চার্জশিট নিতে অস্বীকার করে। বিশেষ বিচারক জিতেন্দ্র সিং বলেন, ত্রুটিপূর্ণ এই চার্জশিটটি নির্দিষ্ট কোনও প্রমাণকে সমর্থন করছে না। উল্লেখ্য, আদালত এই মামলায় আরও একুশজনকে অব্যাহতি দিয়েছে।

ooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশে পশ্চিমবঙ্গে এসআইআর প্রক্রিয়ায় যেসব ভোটারের নথি ও তথ্য যাচাইয়ের ভার বিচার বিভাগের উপর বর্তেছে তাদের নামও অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকায় থাকবে। যাঁদের নথি বিচারাধীন তাঁদের নাম পৃথক ভাবে উল্লেখ করেই আগামীকাল ২৮ শে ফেব্রুয়ারী ঐ তালিকা প্রকাশ করা হবে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, এসআইআর প্রক্রিয়ার শুরুতে পশ্চিমবঙ্গে ভোটারের সংখ্যা ছিল ৭ কোটি ৬৬ লক্ষের বেশি। সেখান থেকে প্রায় ৫৮ লক্ষ মৃত, স্থানান্তরিত, নিখোঁজ এবং ভুয়ো ভোটারেদের নাম খসরা তালিকাতেই বাদ পড়েছে। খসড়া তালিকায় থাকা এই ৭ কোটি ৮ লক্ষ ভোটারের নামই চূড়ান্ত তালিকায় থাকবে। তবে এই তালিকা বিভিন্ন বিভাগে ভাগ করা হবে।

oooooooooooooooooooooo

পাঞ্জাব সরকারের সামাজিক নিরাপত্তা, নারী ও শিশু উন্নয়ন দপ্তর বিজ্ঞাপনে বারবার মহিলাদের অশ্লীল ও অবমাননাসূচকভাবে তুলে ধরার ঘটনার বিষয়ে উদ্বেগ প্রকাশ করে বলেছে সংশ্লিষ্টপক্ষগুলি এই ধরনের কার্যকলাপ থেকে বিরত না থাকলে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে। এই ধরনের ঘটনাগুলি এখন থেকে রাজ্যের তরফে সময়ে সময়ে পর্যালোচনা করা হবে। সমস্ত টিভি চ্যানেল, ওয়েবসাইট, ওয়েব-ভিত্তিক অ্যাপ্লিকেশন, সংবাদপত্র এবং অন্যান্য অডিও-ভিজ্যুয়াল

মিডিয়া প্ল্যাটফর্ম সহ মিডিয়া প্ল্যাটফর্মগুলিকে স্পষ্ট নির্দেশ জারি করে দপ্তর তাদের নিশ্চিত করতে বলেছে যে মহিলাদের অশ্লীল বা অবমাননাকরভাবে তুলে ধরা হয়েছে এমন কোনও বিষয়বস্তু বা বিজ্ঞাপন প্রচার, প্রকাশিত বা মুদ্রিত করা হবে না।

ooooooooooooooooooo

নাগাল্যান্ডের উচ্চশিক্ষা বিভাগ রাজ্যে আবহাওয়ার পূর্বাভাস এবং গবেষণা জোরদার করতে ভারতীয় আবহাওয়া বিভাগ – আই এম ডি'র সঙ্গে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।

কোহিমায় গতকাল উচ্চশিক্ষা মন্ত্রী টেমজেন ইমনা অ্যালং এবং অন্যান্য আধিকারিকদের মধ্যে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

এই চুক্তিতে বলা হয়েছে কেন্দ্রের মিশন মৌসম প্রকল্পের অধীনে ডিমাপুর সরকারি কলেজে একটি এক্স-ব্যান্ড পোলারিমেট্রিক ডপলার ওয়েদার রাডার স্থাপন করা হবে।

ooooooooooooooooooo

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ স্বাধীনতা সংগ্রামী চন্দ্রশেখর আজাদের শহীদ দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় উপরাষ্ট্রপতি বলেছেন যে চন্দ্রশেখর আজাদ কেবল একজন বিপ্লবীই ছিলেন না, বরং তিনি ছিলেন অদম্য সাহসের মূর্ত প্রতীক যা ব্রিটিশ শাসনের ভিত নাড়িয়ে দিয়েছিল। সামাজিক মাধ্যমে এক বার্তায়, শ্রী মোদী বলেন চন্দ্রশেখর আজাদের জীবন দেশবাসীকে অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর অনুপ্রেরণা যোগায়। শ্রী শাহ বলেছেন, চন্দ্রশেখর ব্রিটিশ রাজের বিরুদ্ধে লাগাতার লড়াই করেছেন।

oooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশিষ্ট প্রতিরক্ষা বিশ্লেষক মারুফ রাজার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী বলেন, সাংবাদিকতার জগতে মারুফ রাজার অবদান অনস্বীকার্য। প্রতিরক্ষা, জাতীয় নিরাপত্তা এবং কৌশলগত বিষয়গুলির উপর মারুফ রাজার সূক্ষ্ম বিশ্লেষণ জনসাধারণকে সমৃদ্ধ করেছে বলে তিনি উল্লেখ করেছেন। মারুফ রাজার পরিবার এবং পরিজনদের প্রতি সমবেদনা জানিয়েছেন প্রধানমন্ত্রী।

oooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নানাজি দেশমুখের মৃত্যুবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী শাহ বলেন, ভারতরত্ন নানাজি দেশমুখ, রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ, জনসংঘ এবং ভারতীয় জনতা পার্টির মাধ্যমে দেশবাসীর কল্যাণে কাজ করেছিলেন। তিনি উল্লেখ করে বলেন নানাজি দেশমুখ গ্রামোদয়কে তাঁর জীবনের লক্ষ্য করে তুলেছিলেন। তিনি ভারতীয় মূল্যবোধের ভিত্তিতে শিক্ষার প্রচারে নিজেকে উৎসর্গ করেছিলেন।

oooooooooooooooooo

কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি চার দিনের সরকারি সফরে আজ ভারতে আসছেন। বিদেশ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে যে, প্রধানমন্ত্রী কার্নি আজ মুম্বাই পৌঁছবেন এবং আগামী দুদিন তিনি সেখানে আলাদা আলাদা বাণিজ্যিক কর্মসূচিতে ভারতীয় এবং কানাডার সিইও দের ফোরামের বৈঠকে যোগ দেবেন এবং মিলিত হবেন শিল্প ও আর্থিক জগতের বিশেষজ্ঞদের সঙ্গে। আগামী পয়লা মার্চ, কানাডার প্রধানমন্ত্রী নতুন দিল্লি পৌছবেন। পরদিন হায়দ্রাবাদ হাউসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কানাডার প্রধানমন্ত্রী প্রতিনিধি পর্যায়ের বৈঠক করবেন। দুই নেতা ,ভারত কানাডা কৌশলগত অংশীদারিত্বের বিভিন্ন ক্ষেত্রের অগ্রগতি পর্যালোচনা করবেন।

ooooooooooooooooooooo

পাকিস্তানের প্রতিরক্ষা মন্ত্রী খাজা আসিফ, আফগানিস্তানের বিরুদ্ধে প্রকাশ্য যুদ্ধ ঘোষণা করেছেন। পাকিস্তান আজ ভোরে কাবুল ও দুটি আফগান প্রদেশে বিমান হামলা চালায়। এদিকে তালিবান মুখপাত্র জাবিউল্লাহ মুজাহিদ বলেছেন পাক বিমান বাহিনী কাবুল, কান্দাহার এবং পাখতিয়ার কিছু অংশে বিমান হামলা চালিয়েছে।

এদিকে, গতরাতে পাক হামলায় কমপক্ষে ১৩৩ জন আফগান তালিবান যোদ্ধা প্রাণ হারান। আফগানিস্তানের প্রতিরক্ষা মন্ত্রক দাবী করে, তারাও পাকিস্তানের ১৯ টি সামরিক চৌকি এবং ঘাঁটি দখল করেছে। এর ফলে নিহত হয় ৫৫ জন পাক সেনা।

উভয় দেশই একে অপরের ওপর ব্যাপক ক্ষয়ক্ষতি ঘটিয়ে বলে দাবি করেছে। রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস, পাকিস্তান এবং আফগানিস্তান – দু'দেশকেই কূটনীতির মাধ্যমে মতপার্থক্য নিদর্শনের চেষ্টা চালিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছে।

ভারত, পবিত্র রমজান মাসে আফগানিস্তানের ভূখণ্ডে পাকিস্তানের বিমান হামলার কড়া নিন্দা করেছে। ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচি জানিয়েছেন, দুটি দেশের মধ্যে আলোচনা শুরু করার ব্যাপারে তাঁর দেশ সহযোগিতা করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত ও কেনিয়ার মধ্যে যৌথ প্রতিরক্ষা সহযোগিতা কমিটির চতুর্থ বৈঠক গতকাল শেষ হয়েছে। প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন এবং উৎপাদনের সহযোগিতা বৃদ্ধির উপর বৈঠকে আলোচনা হয়েছে। পরিষেবা সম্প্রসারণ প্রশিক্ষণের সুযোগ বৃদ্ধি এবং সামুদ্রিক নিরাপত্তা বিষয়ে সহযোগিতা জোরদার করার বিষয়ও আলোচনায় উঠে এসেছে। উভয় দেশই নিজ নিজ প্রয়োজন মাফিক প্রশিক্ষণ কর্মসূচিতে সহযোগিতার বিষয় , সামরিক মহড়ার ব্যবস্থা, সীমান্ত ব্যবস্থাপনা, বৈদ্যুতিন সমর ব্যবস্থার মতো আধুনিক ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধির বিষয়গুলি নিয়ে আলোচনা করেছে। আলোচনা হয়েছে সাইবার নিরাপত্তা ,সামরিক চিকিৎসা পরিষেবায় সহযোগিতার বিষয় নিয়েও। বৈঠকে যৌথভাবে সভাপতিত্ব করেন যুগ্ম সচিব আইসি অমিতাভ প্রসাদ এবং কেনিয়ার প্রতিরক্ষা বাহিনীর সহকারী প্রধান মেজর জেনারেল ফ্রেডরিক এল লিউরিয়া।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নেপালের বন ও পরিবেশ মন্ত্রী মাধব প্রসাদ চৌলাগাইন বলেছেন আগামী ৫-ই মার্চের নির্বাচনের প্রস্তুতিতে ভারত উল্লেখযোগ্য সহায়তা করেছে। তিনি বলেন, ভারত অত্যন্ত ভরসাযোগ্য প্রতিবেশী। মন্ত্রী বলেছেন, নেপালে আসন্ন নির্বাচনের জন্য নিরাপত্তা জোরদার করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দুপুর একটা কুড়ি মিনিট নাগাদ প্রবল ভূমিকম্পে কলকাতা ও শহরতলীর বিভিন্ন অংশ কেঁপে ওঠে। এবার ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল বাংলাদেশের খুলনা। রিখটার স্কেলে মাত্রা ছিল ৫। বাড়ি ও অফিস গুলি থেকে সাধারণ মানুষ আতঙ্কে পথে নেমে আসে। বহুতল গুলি দীর্ঘক্ষণ কাঁপতে থাকে । এখনো কোনও ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। ভূমিকম্প হওয়ার ঠিক আগে মোবাইলে এলার্ট চলে আসায় অধিকাংশ মানুষ সতর্ক হয়ে যান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাঙ্কের গভর্নর আহ্সান হাবিব মনসুরের আকস্মিক অপসারণ এবং ব্যবসায়ী মহম্মদ মুস্তাকুর রহমানের স্থলাভিষিক্ত হওয়ার ঘটনায় সে-দেশে রাজনৈতিক বিতর্ক শুরু হয়েছে। এদিকে, এই ঘটনার প্রেক্ষাপটে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ – টি আই বি, নতুন গভর্নরের স্বাধীনতা ও নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছে। দেশে অর্থনৈতিক স্থিতাবস্থা এবং সুশাসন নিশ্চিত করার ক্ষেত্রে এই পদক্ষেপ কতটা ন্যায়সম্মত – সে-ব্যাপারে সন্দেহ প্রকাশ করেছে।

oooooooooooooooooooooo

ইংল্যান্ডের একটি বিশেষ সংসদীয় নির্বাচনে গ্রিন পার্টি জয়লাভ করেছে। এর ফলে, প্রধানমন্ত্রী কিয়ের স্টারমারের মধ্য-বামপন্থী লেবার পার্টি তৃতীয় স্থানে নেমে এসেছে। নির্বাচনে, গোর্টন এবং ডেন্টন থেকে গ্রিন পার্টির প্রার্থী হান্না স্পেন্সারকে জয়ী ঘোষণা করা হয়েছে। উল্লেখ্য, নির্বাচনের এই ফলাফলে সে-দেশে লেবার এবং কনজারভেটিভ দলগুলির বেশ কয়েক দশকের আধিপত্য অনেকটাই খর্ব হল বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooooo

কলম্বোর আর প্রেমদাস্যা স্টেডিয়ামে আজ আই সি সি টি-২০ বিশ্বকাপ ক্রিকেটের সুপার এইট পর্বের ম্যাচে ইংল্যান্ড, নিউজিল্যান্ডের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

আগামী রবিবার, ভারত কলকাতার ইডেন গার্ডেনসে সুপার এইটে তাদের শেষ ম্যাচে ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে। এই ম্যাচের ওপরেই ভারতের সেমিফাইনালের ভাগ্য নির্ধারিত হবে।

ooooooooooooooooooooo

oooooooooooooooooooooo